

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.১৭/

৮৫

তারিখ: ১৭ আগস্ট, ২০২৩ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৩৭/২০২৩

বিষয়ঃ আমদানিতব্য “LED Safety Indicator Truck” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্রঃ Maliha Corporation এর ৩০/০৪/২০২৩ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Maliha Corporation নামক প্রতিষ্ঠান “LED Safety Indicator Truck” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	Maliha Corporation
আবেদনকারীর ঠিকানা	House-25/8, Road-11, Kallayanpur, Mirpur, Dhaka-1216.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	LED Safety Indicator Truck
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Complete
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	China
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	8705.90.90

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

নির্মানাধীন সড়কে সেফটি ইন্ডিকেটর হিসাবে ব্যবহারের জন্য LED Safety Indicator Truck নামক পণ্যটি Complete প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিকারক Maliha Corporation কর্তৃক LED Safety Indicator Truck ঘোষণায় পণ্য আমদানির লক্ষ্যে অগ্রিম রুলিং এর আবেদন করা হয়েছে। পণ্যটির এইচ এস কোড ঘোষণা করা হয়েছে 8705.90.90. The explanatory notes of the harmonized system 2022 edition (HS) by World Customs Organization এর page XVII-8705-1 তে হেডিং 87.05 এ শ্রেণিবিন্যাসযোগ্য যানবাহন সম্পর্কে বর্ণনা করা হয়েছেঃ ...This heading covers a range of motor vehicles, specially constructed or adapted, equipped with various devices that enable them to perform certain non-transport functions, i.e., the primary purpose of a vehicle of this heading is not the transport of persons or goods. এক্ষেত্রে আমদানিকারকের আবেদন, সংযুক্ত দলিলাদি ও ছবি পর্যালোচনায় দেখা যায় যে রাস্তায় সেফটি সিগনালিং ও নির্দেশিকার কাজে ব্যবহার করার জন্য এলইডি লাইট সেফটি ইন্ডিকেটরটি ট্রাক চেসিসের সাথে ওয়েলডিং এর মাধ্যমে সংযুক্ত করা হবে এবং ইন্ডিকেটর সিস্টেমটি সময় ও প্রয়োজন অনুযায়ী বিভিন্ন স্থানে ব্যবহারের জন্য নামিয়ে রাখা হবে। আমদানিকারক প্রদত্ত বর্ণনা হতে প্রতীয়মান হয় যে আলোচ্য এলইডি লাইট সেফটি ইন্ডিকেটরটি আমদানিতব্য ট্রাক এর অবিচ্ছেদ্য অংশ নয়। ট্রাকটি লাইট সেফটি ইন্ডিকেটর এর সাথে সংযুক্ত অবস্থায় Special purposes এ ব্যবহৃত হবে তবে তা স্থায়ীভাবে ট্রাকের পন্য পরিবহন সক্ষমতাকে বিনষ্ট করে না বিধায় আলোচ্য ট্রাকটি সাব হেডিং নং 87.05 এ শ্রেণীবিন্যাসযোগ্য নয়। এক্ষেত্রে আমদানিতব্য ট্রাকটির Gross Vehicle Weight (g.v.w) 3050 kg হওয়ায় এবং ট্রাকটি ডিজেল চালিত হওয়ায়

পণ্যটি এইচ এস কোড 8704.21.19 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারী করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারী হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিতব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-১৭.০৮.২০২৩

(মোঃ মাসুদ সাদিক)

সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.১৭/ ৮৮

তারিখ: ১৭ আগস্ট, ২০২৩ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যাৰ্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্দ কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।


২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। ব্যবস্থাপনা পরিচালক, Maliha Corporation, House-25/8, Road-11, Kallayanpur, Mirpur, Dhaka-1216.

২৭। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)


(মুকিতুল হাসান)

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট